গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
পটুয়াখালী সরকারি কলেজ
পটুয়াখালী
স্থাপিত : ১৯৫৭ খ্রি.

EIIN : 102596
NU Code: 1501

☎: 02478880631
M: p.govt.college@gmail.com
www.patuakhaligovtcollege.edu.bd

নং ১৮৩

তারিখ: ১০/১১/২০২৫ খ্রি:

# জরুরি বিজ্ঞপ্তি (বোর্ডবৃত্তি সংক্রান্ত)

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের রাজস্ব খাতভূক্ত বিভিন্ন শ্রেণিতে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী ও মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে বৃত্তিপ্রাপ্ত হয়ে সাধারণ শিক্ষায় অধ্যয়নরত নিয়মিত শিক্ষার্থীদের বৃত্তির অর্থ প্রাপ্তির জন্য বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীর তথ্য **MIS**- এ যথাসময়ে এন্ট্রি করা হয়নি অথবা এন্ট্রিকৃত তথ্যের মধ্যে বিভিন্ন ভুল (শিক্ষার্থীর নাম, পরীক্ষার নাম ও সাল, বৃত্তির ধরণ, ব্যাংক ও শাখার নাম, হিসাব ও রাউটিং নম্বর, একই শিক্ষার্থীর একটি পরীক্ষার বিপরীতে একাধিক এন্ট্রি রয়েছে ইত্যাদি) থাকার কারণে বৃত্তির টাকা পাওয়া যায়নি, যে সকল শিক্ষার্থীর তথ্য পূর্বে এন্ট্রি করা হয়নি এবং যারা নতুন/২০২৫-২০২৬ অর্থ বছরে বৃত্তি প্রাপ্ত হয়েছে, সে সকল শিক্ষার্থীরা আগামী ১১/১১/২০২৫ খ্রি: তারিখের মধ্যে কলেজের ডিম্যান্ড শাখা থেকে কলেজ কর্তৃক নির্ধারিত ফরম সংগ্রহ করে ২৫/১১/২০২৫ খ্রি: তারিখের মধ্যে ফরম পূরণ করে জমা দিতে হবে। উল্লেখ্য, ব্যাংক এ্যাকাউন্ট অবশ্যই শিক্ষার্থীর নামে থাকতে হবে । শিক্ষার্থীর নাম ও অনলাইন ব্যাংক হিসাবের নাম অভিন্ন হতে হবে। অনলাইন ব্যাংক হিসাব নম্বর অবশ্যই ১৩-১৭ ডিজিটের মধ্যে হতে হবে। ব্যাংকের নাম, শাখার নাম, রাউটিং নম্বর এবং শিক্ষার্থীর ব্যাংক হিসাব নম্বর সঠিক ভাবে পূরণ করতে হবে। বিকাশ, শিউরক্যাশ, নগদসহ এ ধরণের কোন এজেন্ট ব্যাংকের হিসাব নম্বর প্রদান করা যাবে না। যদি কোন শিক্ষার্থীর বয়স ১৮ বছরের নিচে হয় তবে সে ক্ষেত্রে শিক্ষার্থী ও শিক্ষার্থীর অভিভাবকের যৌথ এ্যাকাউন্ট করতে হবে। যৌথ নামে ব্যাংক হিসাব/স্কুল ব্যাংক খোলা হলে **MIS**-এ শিক্ষার্থীর নামের বানান এবং হিসাবধারীর নামের স্থলে প্রথমে শিক্ষার্থীর নাম, এরপর **and**, শেষে দ্বিতীয় হিসাবধারীর নাম ইংরেজিতে এন্ট্রি করতে হবে। আবেদনের সাথে বৃত্তির গেজেট, ব্যাংক হিসাবের চেকের ফটোকপি এবং শিক্ষার্থীর রেজিঃ কার্ডের ফটোকপি সংযুক্ত করতে হবে।

বিষয়টি অতীব জরুরী।

10.11.2025

অধ্যক্ষ
পটুয়াখালী সরকারি কলেজ
পটুয়াখালী